রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৫, ২০২৫

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**নং ১২১১৯(১৩)এ,**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১২১৪১/২০১৪ এর ১২-০৩-২০১৫ ইং তারিখের রায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য আপিল বিভাগের Civil Petition for Leave to Appeal নং ৫৮৯/২০১৮ এর ০৫-০৮-২০১৮ ইং তারিখের রায়/আদেশ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য আপিল বিভাগের Civil Review Petition নং ২৪৬/২০১৯ এর ১৭-০২-২০২২ ইং তারিখের রায়/আদেশের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স.ও.ব্য-৫ শাখার বিগত ১৯-০৪-২০২২ ইং তারিখের ০৫.০০.০০০০.১৫৪.০৪.০২৪.১৯.৫৯ নং স্মারকে এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৫ এর ১৯-০৮-২০২৫ ইং তারিখের ০৭.০০.০০০০.০০০.১৬৫.১০. ০০০৩.২৫.৭১ নং স্মারক এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা এর ০৭-০৯-২০২৫ ইং তারিখের ১০.০০.০০০০.১২৬.০৪.০৭১.১৭.৯২ নং স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের "Petitioners and others holding Equivalent Post" অর্থাৎ সহকারী বেঞ্চ অফিসার পদটি রায়ের তারিখ ১২-০৩-২০১৫ ইং হতে জাতীয় বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ার পূর্বদিন পর্যন্ত অর্থাৎ ৩০-০৬-২০১৫ ইং পর্যন্ত সময়ের জন্য উক্ত পদটিকে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী ৮ম গ্রেডে (১২,০০০—২১,৬০০/-) টাকায় (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০—৫৫,৪৭০/-) উন্নীত করে প্রথম শ্রেণীর পদমর্যাদা ও প্রথম শ্রেণীর পদের সকল বকেয়া বেতন-ভাতাদি ও সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৫ সালের ১লা জুলাই হতে বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ায় এবং উক্ত বেতন স্কেলে প্রথম শ্রেণীর, ২য় শ্রেণীর পদমর্যাদার ভিত্তিক বিষয়টি বাতিল করায় উক্ত পদধারীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০-৫৫,৪৭০/-) উন্নীত করণসহ সকল বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান এবং সহকারী বেঞ্চ অফিসার পদ থেকে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতির সুযোগ প্রদান করা হয়েছে।



**মূল্য :** টাকা ৪.০০

২। এমতাবস্থায়, রীট পিটিশন মামলা নং-১২১৪১/২০১৪ এর রায় অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী বেঞ্চ অফিসার পদটি রায়ের তারিখ ১২-০৩-২০১৫ ইং হতে ৩০-০৬-২০১৫ ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য উক্ত পদটিকে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী ৮ম গ্রেডে (১২,০০০—২১,৬০০/-) টাকায় (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০—৫৫,৪৭০/-) উন্নীত করে প্রথম শ্রেণীর পদমর্যাদা ও প্রথম শ্রেণীর সকল বকেয়া বেতন-ভাতাদি ও সুযোগ সুবিধা প্রদান করা হলো। উল্লেখ্য যে, ২০১৫ সালের ১লা জুলাই হতে বেতন স্কেল ২০১৫ কার্যকর হওয়ায় এবং উক্ত বেতন স্কেলে প্রথম শ্রেণীর, ২য় শ্রেণীর পদমর্যাদার বিষয়টি বাতিল করায় উক্ত পদটিকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে (২৩,০০০—৫৫,৪৭০/-) উন্নীত করণসহ রায়ের তারিখ ১২-০৩-২০১৫ ইং হতে সকল বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান এবং সহকারী বেঞ্চ অফিসার পদ থেকে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতির সুযোগ প্রদান করা হলো।

৩। বাংলাদেশ মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd